

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী (গম সংগ্রহ-২০২০)

সভাপতি : সূবর্ণা রাণী সাহা, উপজেলা নির্বাহী অফিসার,
ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, ঝিনাইদহ।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
তারিখ ও সময় : ১২/০৪/২০২০খ্রিঃ। সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী পৃথকভাবে গ্রহন করা হলো।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও কমিটির সদস্য সচিবকে সভার কার্যবিবরণী সম্পর্কে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৯/০৪/২০২০খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২০.১০৫নং স্মারক এবং খাদ্য অধিদপ্তর ঢাকা এর সংগ্রহ বিভাগের ১০/০৪/২০২০খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২০.২৮/১ নং স্মারকে কালীগঞ্জ উপজেলায় চলতি ২০২০ গম সংগ্রহ মৌসুমে ৭৩.০০০ মেগটন গম সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি গমের সংগ্রহ মূল্য ২৮/- টাকা। সংগ্রহের সময় সীমা ১৫/০৪/২০২০খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত। অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুযায়ী গম ক্রয় করা হবে। একজন কৃষকের নিকট হতে সর্বনিম্ন ১৫০ কেজি ও সর্বোচ্চ ৩.০০০ মেগটন গম ক্রয় করা যাবে। সংগৃহীত গমের মূল্য কৃষকের ব্যাংক একাউন্টপেয়িং WQSCএর মাধ্যমে পরিশোধ করা হবে। উপজেলা কৃষি অফিসার কালীগঞ্জ, ঝিনাইদহ সভায় জানান যে, এ মৌসুমে কালীগঞ্জ উপজেলার প্রতিটি ইউনিয়নে কিছু কিছু গম উৎপাদন হয়েছে। উৎপাদন অনুযায়ী ইউনিয়ন ও পৌরসভা ভিত্তিক বিভাজন নিম্নরূপ।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	আবাদকৃত জমির পরিমাণ (হেক্টর)	বিভাজন (মেগটন)	মন্তব্য
০১	সুন্দরপুর দুর্গাপুর	২০	৫.০০০	
০২	জামাল	৩০	৬.০০০	
০৩	কোলা	৩৫	৭.০০০	
০৪	নিয়ামতপুর	৩০	৬.০০০	
০৫	শিমলা রেকনপুর	২০	৫.০০০	
০৬	ত্রিলোচনপুর	৩৫	৭.০০০	
০৭	শায়খাম	২৫	৫.০০০	
০৮	মালিয়াট	৩০	৬.০০০	
০৯	বারবাজার	৪০	৮.০০০	
১০	কাষ্টভাঙ্গা	৩০	৬.০০০	
১১	রাখালগাছি	৩৫	৭.০০০	
১২	পৌরসভা	২০	৫.০০০	
সর্বমোট =		৩৫০ হেক্টর	৭৩.০০০	

সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত সিদ্ধান্ত সমূহ :

০১. অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ এর ৯(ক) অনুচ্ছেদ অনুযায়ী গম সংগ্রহের লক্ষ্যে উপজেলা কৃষি কর্মকর্তা এ মৌসুমে উৎপাদিত গমের কৃষক তালিকা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভাপতির নিকট দ্রুততম সময়ের মধ্যে দাখিল করবেন।
০২. উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি প্রাপ্ত তালিকা থেকে উন্মুক্ত লটারির মাধ্যম প্রয়োজনীয় সংখ্যক কৃষক নির্বাচন পূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন করবেন।
০৩. আগে আসলে আগে ক্রয় করা হবে ভিত্তিতে একজন কৃষকের নিকট থেকে সর্বোচ্চ ১.০০০ মেগটন গম ক্রয় করা হবে।
০৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা কৃষকের কৃষি সহায়ক কার্ড ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংরক্ষণ করবেন।
০৫. খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ অনুযায়ী বিনির্দেশভূক্ত গম ক্রয় করা হবে।
০৬. কোন ব্যবসায়ী বা ফড়িয়ার নিকট হতে কোন অবস্থাতেই গম ক্রয় করা যাবে না।
০৭. বিনির্দেশ বহির্ভূত গম খাদ্য গুদাম চত্বরে নিয়ে আসলে উক্ত গম শুকিয়ে ঝাড়াই-ঝাড়াই করে কৃষক নিজ খরচে গুদামে সরবরাহ করবেন।
০৮. অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ যথাযথ অনুসরণ করতে হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত আদেশ-নির্দেশ মেনে চলতে হবে।
০৯. গম সংগ্রহে কোনরূপ প্রতিবন্ধকতা দেখা দিলে তাৎক্ষণিক উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি সভাপতিকে অবহিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(সুবর্ণা রাণী সাহা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি

কালীগঞ্জ, বিনাইদহ।

স্মারক নং : ১৩.০৫.৪৪৩৩.৪০৫.৪৫.০৯৫.১৯.১৭২(১৩)

তাং : ১২/০৪/২০২০খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

০১. মাননীয় সংসদ সদস্য, বিনাইদহ-৪, উপদেষ্টা, সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বিনাইদহ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৪. উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৫. উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা, সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৭. সভাপতি, উপজেলা চাউল কল মালিক সমিতি, সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৮. জনাব মোঃ সাজ্জাদ হোসেন, কৃষক প্রতিনিধি, সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কালীগঞ্জ, বিনাইদহ।
০৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালীগঞ্জ/বারবাজার এলএসডি, কালীগঞ্জ, বিনাইদহ।
১০. অফিস নথি।



খোন্দোঃ তাজউদ্দীন আহমেদ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,

কালীগঞ্জ, বিনাইদহ।